

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।
www.lawjusticediv.gov.bd

নং ১০.০০.০০০০.১২৫.০৮.০০৭.১৭.৪২৭

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
১৬ মে ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৫(পনের) দিনের শ্রান্তি ও বিনোদন ছুটিসহ ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসেবে মঞ্জুর প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ১৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখের ১জে-০৭/১৮-৪০৫৪ জে নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১)(iii) বিধি, ও তৎসহ ১৯৭৯ সনের বাংলাদেশ সার্ভিসেস (শ্রান্তি বিনোদন ভাতা) বিধি এবং অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ থেকে জারীকৃত ১২ জুলাই ১৯৯৯ খ্রিঃ তারিখের অম/অবি (বাঃ-১) ভাতা-১৬/৯৫/১৭৬ নম্বর ও প্রবিধি শাখা-২ থেকে জারীকৃত ২০-০৩-১৯৮৯ খ্রিঃ তারিখের অম(অবি) প্রবি-২/ছুটি-৬/৮৬-২৮ নম্বর অফিস স্মারকের মর্মানুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসেস নিয়ম ছকের ২নং কলামে বর্ণিত কর্মকর্তা বিগত ২৩/০৭/২০১৫ খ্রিঃ তারিখ চাকরিতে যোগদান করায় এবং বর্তমানে ১ম বারের মত শ্রান্তি ও বিনোদন ছুটির প্রাপ্যতা অর্জন করায় তাঁর অনুকূলে ৪নং কলামে উল্লিখিত সময়ের জন্য শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ৫নং কলামে উল্লিখিত মাসের মূল বেতনের সমপরিমান অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসেবে মঞ্জুর করতঃ মামলা জট নিরসন ও বিচারপ্রার্থী জনগণের দ্রুত বিচার প্রাপ্তির লক্ষে তাঁকে উক্ত শ্রান্তি ও বিনোদন ছুটি উল্লিখিত সময়ের মধ্যে ১৫ (পনের) দিনের পরিবর্তে ০৭(সাত) দিন ভোগের জন্য অনুরোধ করা হলো :

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	আবেদনের তারিখ	মঞ্জুরীকৃত ছুটি	মঞ্জুরীকৃত ভাতা
১	২	৩	৪	৫
১।	জনাব তানযীম আলম তাবাসসুম জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নাটোর	০৬/০১/২০১৯ খ্রিঃ	০৯/০৬/২০১৯ খ্রিঃ হতে ২৩/০৬/২০১৯ খ্রিঃ পর্যন্ত মোট ১৫(পনের) দিন।	জুন/২০১৯ মাসের মূল বেতনের সমপরিমান অর্থ

০২। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের প্রবিধি শাখা-২ থেকে জারীকৃত ২০-০৩-১৯৮৯ খ্রিঃ তারিখের অম(অবি) প্রবি-২/ছুটি-৬/৮৬-২৮ নম্বর অফিস স্মারকের মর্মানুযায়ী উপরিবর্ণিত কর্মকর্তার আবেদনের তারিখ হতে পরবর্তী শ্রান্তি ও বিনোদন ছুটির প্রাপ্যতার তারিখ অক্ষুণ্ণ থাকবে।

০৩। উপরিবর্ণিত কর্মকর্তার শ্রান্তি ও বিনোদন ভাতা তাঁর নিজ দপ্তরের সংশ্লিষ্ট খাত হতে বিকলনীয়।

১৫।
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয় মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নং ১০.০০.০০০০.১২৫.০৮.০০৭.১৭.৪২৭/১(০৯)

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
১৬ মে ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নাটোর।

[বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে উপরিবর্ণিত কর্মকর্তার অনুকূলে উক্ত মঞ্জুরীকৃত শ্রান্তি ও বিনোদন ছুটি উল্লিখিত সময়ের মধ্যে ১৫ (পনের) দিনের পরিবর্তে ০৭ (সাত) দিন ভোগের অনুমতি প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো]।

৩। সিনিয়র সহকারী সচিব, বাজেট, আইন ও বিচার বিভাগ।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।

৫। জনাব তানযীম আলম তাবাসসুম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নাটোর।

৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নাটোর।

৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৮। গার্ড ফাইল।

৯। অফিস কপি।

৪/৫/১৯
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।